2020/TDC(CBCS)/ODD/SEM/
BNGDSC/GE–101T/360

TDC (CBCS) Odd Semester Exam., 2020
held in March, 2021

# BENGALI

## ( 1st Semester )

Course No. : BNGDSC/BNGGE–101T

( বাংলা সাহিত্যের ইতিহাস ঃ প্রাচীন ও মধ্যযুগ )

*পূর্ণমান* : ৭০

*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো কুড়িটি) : ১×২০=২০

১। বাংলা সাহিত্যের ইতিহাসকে কয়টি যুগে ভাগ করা হয়েছে?

২। 'চর্যাপদ' বাংলা সাহিত্যের কোন্ যুগের রচনা?

৩। 'চর্যাপদ'-এর পুঁথিতে সর্বমোট কয়টি পদ ছিল?

৪। 'চর্যাপদ'-এর পদকর্তারা কোন্ ধর্মাবলম্বী ছিলেন?

৫। 'চর্যাপদ'সমূহের আবিষ্কর্তা কে?

৬। 'চর্যাপদ'-এর পুঁথি কত সালে আবিষ্কৃত হয়েছিল?

৭। 'হাজার বছরের পুরানো বাংলা ভাষায় বৌদ্ধগান ও দোঁহা' নামক গ্রন্থটি কার সম্পাদনায় প্রকাশিত হয়েছিল?

৮। 'চর্যাপদ' সংকলনের প্রথম পদকর্তা কে?

৯। 'শ্রীকৃষ্ণকীর্তন'-এর পুঁথি কোন্ স্থান থেকে আবিষ্কৃত হয়েছিল?

১০। 'শ্রীকৃষ্ণকীর্তন' মুদ্রিত আকারে কত সালে প্রকাশিত হয়?

১১। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে কতগুলো খণ্ড আছে?

১২। 'শ্রীকৃষ্ণকীর্তন'-এর শেষ খণ্ডের নাম কী?

১৩। কোন্ বৈষ্ণব পদকর্তাকে 'অভিনব জয়দেব' আখ্যা দেওয়া হয়েছে?

১৪। 'অভিসার' পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে?

১৫। কবি বিদ্যাপতি কোন্ রাজসভার কবি ছিলেন?

১৬। বৈষ্ণব কবি জ্ঞানদাস কোন্ কবির ভাবশিষ্য?

১৭। নারায়ণদেব রচিত 'মনসামঙ্গল' কাব্য কী নামে পরিচিত?





১৮। চৈতন্য-উত্তর যুগের একজন 'মনসামঙ্গল' কাব্যধারার কবির নাম লেখো।

১৯। বিপ্রদাস পিপলাই রচিত 'মনসামঙ্গল' কাব্যের নাম কী?

২০। 'চণ্ডীমঙ্গল' কাব্যের আদিকবি কে?

২১। ধর্মঠাকুরের পূজা কোন্ অঞ্চলে সমধিক প্রচলিত?

২২। ময়ূর ভট্ট কোন্ 'মঙ্গলকাব্য' ধারার কবি?

২৩। 'রায়গুণাকর' উপাধি কোন্ কবিকে দেওয়া হয়েছিল?

২৪। ''রাজসভার কবি রায়গুণাকরের 'অন্নদামঙ্গল-গান' রাজকণ্ঠের মণিমালার মতো, যেমন তাহার উজ্জ্বলতা তেমনি তাহার কারুকার্য।'' মন্তব্যটি কার?

২৫। মূল বাল্মীকি 'রামায়ণ' কয়টি কাণ্ডে বিভক্ত?

২৬। 'রামায়ণ'-এর শ্রেষ্ঠ বাংলা অনুবাদক কে?

২৭। তুলসীদাস অনূদিত হিন্দী 'রামায়ণ' গ্রন্থের নাম কী?

২৮। 'রামায়ণ'-এর একমাত্র মহিলা অনুবাদকের নাম কী?

২৯। 'মহাভারত'-এর কয়টি পর্ব কাশীরাম নিজে অনুবাদ করেছিলেন বলে মনে করেন বিশেষজ্ঞরা?

৩০। কাশীরাম দাসের বাসস্থান কোথায় ছিল?

৩১। কাশীরাম দাস কোন্ শতকের কবি?

৩২। কবীন্দ্র পরমেশ্বর কোন্ মহাকাব্যের বাংলা অনুবাদক?

৩৩। 'শাক্তপদাবলী' কোন্ শতকের রচনা?

৩৪। 'আমায় দে মা তবিলদারি' গানটির রচয়িতার নাম কী?

৩৫। রামপ্রসাদকে 'কবিরঞ্জন' উপাধি কে দিয়েছিলেন?

৩৬। 'শাক্তপদাবলী ও শক্তি সাধনা' গ্রন্থের লেখক কে?

৩৭। 'লোরচন্দ্রাণী' বা 'সতীময়না'র উপাদান মুসলমান কবি দৌলত কাজী কোন্ গ্রন্থ থেকে সংগ্রহ করেছিলেন?

৩৮। মধ্যযুগের কোন্ মুসলমান কবি আরাকানরাজ শ্রীচন্দ্র সুধর্মার নির্দেশে অনেকগুলি অনুবাদ কাব্য রচনা করেছিলেন?





৩৯। সৈয়দ আলাওল তাঁর সর্বশেষ কাব্য 'সেকান্দারনামা' কোন্ ভাষার কাব্য অবলম্বনে রচনা করেছিলেন?

৪০। কোন্ বিখ্যাত রোমান্টিক আখ্যানকাব্যের জন্য কবি দৌলত কাজী প্রসিদ্ধ হয়ে আছেন?

## SECTION—B

সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো পাঁচটি) : ২×৫=১০

৪১। 'চর্যাপদ'-এর ভাষাকে সন্ধ্যাভাষা বলা হয় কেন?

৪২। 'চর্যাপদ'-এর যে কোনো দুজন পদকর্তার নাম লেখো।

৪৩। বাংলা ভাষায় রচিত প্রথম কাহিনিকাব্যের নাম কী? এই কাব্যের রচয়িতা কে?

৪৪। ''কন্টক গাড়ি _____ পদতল
_____ চীরহি ঝাঁপি॥''
( শূন্যস্থান পূর্ণ করো )

৪৫। মুকুন্দরাম চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল' কাব্যের নাম কী? কাব্যটিতে কয়টি খণ্ড আছে?

৪৬। মধ্য ও আধুনিক যুগের সন্ধিলক্ষণ যুগপৎ আভাসিত হয়েছে কোন্ মঙ্গলকাব্যে? এই কাব্যের রচয়িতা কে?

৪৭। কবি কৃত্তিবাস অনূদিত বাংলা 'রামায়ণ' কী নামে পরিচিত? কৃত্তিবাস কোন্ গ্রামের অধিবাসী ছিলেন?

৪৮। শ্রীকর নন্দী 'মহাভারত'-এর কোন্ পর্বের বাংলা অনুবাদ করেছিলেন এবং কোন্ গ্রন্থ অবলম্বনে তিনি কাব্যটি রচনা করেন?

৪৯। 'শাক্তপদাবলী'র কোন্ দুটি পর্যায় তোমাদের পাঠ্যতালিকার অন্তর্ভুক্ত?

৫০। সৈয়দ আলাওল 'পদ্মাবতী' কাব্যটি কোন্ গ্রন্থ অবলম্বনে রচনা করেছিলেন এবং সেই গ্রন্থের রচয়িতার নাম কী?

## SECTION—C

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৮×৫=৪০

৫১। বাংলা সাহিত্যের আদিতম গ্রন্থ 'চর্যাপদ'-এর ঐতিহাসিক গুরুত্ব উল্লেখ করে গ্রন্থটির সংক্ষিপ্ত পরিচয় দাও।

৫২। 'চর্যাপদ'-এ তৎকালীন বাংলাদেশের সমাজ-জীবনের যে পরিচয় পাওয়া যায় তা সংক্ষেপে বর্ণনা করো।

৫৩। বাংলা সাহিত্যের প্রথম কাহিনিকাব্যটির গুরুত্ব উল্লেখ করে কাব্যটির সংক্ষিপ্ত পরিচয় দাও।

৫৪। 'অভিসার' পর্যায়ের পদ রচনায় কবি গোবিন্দদাসের কৃতিত্বের পরিচয় দাও।

৫৫। 'মনসামঙ্গল' কাব্যধারার যে কোনো দু'জন কবির কবিকৃতি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।





৫৬। "'চণ্ডীমঙ্গল' কাব্যের শ্রেষ্ঠ কবি মুকুন্দরাম চক্রবর্তী।" এই বিষয়ে সংক্ষেপে আলোচনা করো।

৫৭। কবি কৃত্তিবাস ওঝার সংক্ষিপ্ত জীবনতথ্য উল্লেখ করে 'রামায়ণ'-এর অনুবাদক হিসেবে তাঁর কবিকৃতির পরিচয় দাও।

৫৮। 'মহাভারত'-এর শ্রেষ্ঠ অনুবাদক কাশীরাম দাসের কবিকৃতি ও তাঁর অনূদিত গ্রন্থের সংক্ষিপ্ত পরিচয় দাও।

৫৯। "'আগমনী' ও 'বিজয়া' বাঙালী মাতৃহৃদয়ের গান।" রবীন্দ্রনাথের এই মন্তব্যকে তোমার পঠিত শাক্তপদাবলীর সাহায্যে বিশদ করো।

৬০। মধ্যযুগের বাংলা সাহিত্যে আরাকান রাজসভার কবিদের উল্লেখযোগ্য ভূমিকা রয়েছে, আলোচনা করো।

★★★